

স্মারক সংখ্যা: প্রাশিঅ/পরি: ও উন্ন:/স্লিপ প্রশিক্ষণ/০২/২০১২/৬৪৯/৭২

তারিখ: ১১ কার্তিক ১৪২১  
২৬ অক্টোবর ২০১৪

বিষয়: ২০১৪-১৫ অর্থবছরের স্লিপ ফান্ড বিদ্যালয় পর্যায়ে ছাড়করণ।

সূত্র: ৩৮.১৮০.১৫০.০২০.০০.০০.১০৮(১).২০১৩.৪৭৮.৭২৫), তারিখ: ১৬ অক্টোবর ২০১৪।

উপর্যুক্ত বিষয় সম্পর্কে জানানো যাচ্ছে যে, পিইডিপি-৩ এর আওতায় প্রথম কিস্তিতে তাঁর জেলার স্লিপ কার্যক্রমের জন্য নির্বাচিত ও অনুমোদিত উপজেলাসমূহে ২০১৪-১৫ অর্থবছরে প্রতিটি বিদ্যালয়ের জন্য ১৫ হাজার টাকা করে অর্থ ছাড় করা হয়েছে। স্লিপ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নকল্পে মঞ্জুরিপত্রে উল্লিখিত শর্তসমূহ ছাড়াও নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য অনুরোধ করা হলো:

- জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ অর্থ ছাড়ের মঞ্জুরি আদেশটি উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা বরাবরে প্রেরণপূর্বক তাঁদের প্রাপ্তি নিশ্চিত করবেন;
- উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ স্লিপের মঞ্জুরিপত্র প্রাপ্তির পরপরই স্থানীয় হিসাবরক্ষণ অফিসে অগ্রিম বিল পাশ করিয়ে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে সমুদয় অর্থ জমা করবেন;
- উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ স্লিপভুক্ত প্রতিটি বিদ্যালয়ের স্লিপ প্ল্যান অনুমোদন করে ০১ কপি তাঁদের অফিসে সংরক্ষণ করে স্লিপের অর্থ ছাড় নিশ্চিত করবেন;
- যদি কোনো বিদ্যালয়ে স্লিপ গাইড লাইন এবং মন্ত্রণালয়ের ৩০ জুন ২০১১ তারিখে জারিকৃত স্লিপ বাস্তবায়নের পরিমার্জিত নির্দেশিকা না থাকে তা স্থানীয়ভাবে সংগ্রহপূর্বক সংরক্ষণ নিশ্চিত করতে হবে;
- উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ জমাকৃত অর্থ কোনোরূপ বিলম্ব না করে বিদ্যালয়ের স্লিপের হিসাবে স্থানান্তরের জন্য সংশ্লিষ্ট ব্যাংকে পত্র প্রেরণ করবেন। পত্রের সঙ্গে নিম্নোক্ত 'ছক' বিদ্যালয়ের তথ্যের তালিকা সংযুক্ত করবেন। এক্ষেত্রে কোনো অবস্থায়ই চেক ইস্যু করা যাবে না। অর্থ স্থানান্তরকালে কোনো অবস্থায়ই অগ্রিম ভ্যাট কর্তন করা যাবে না। বরাদ্দকৃত সমুদয় অর্থ বিদ্যালয়ের হিসাবে স্থানান্তর করতে হবে;

'ছক'

ক্রমিক সংখ্যা	বিদ্যালয়ের নাম	হিসাব নম্বর	টাকার পরিমাণ	মন্তব্য
---------------	-----------------	-------------	--------------	---------

- উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ বিদ্যালয়ে পর্যায়ে অর্থ স্থানান্তরে ব্যাংক স্টেটমেন্টের কপি স্ক্যানিং করে জরুরিভিত্তিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্লিপ সেলে ই-মেইল ([slipcell@dpe@yahoo.com](mailto:slipcell@dpe@yahoo.com)) এবং ডাকযোগে প্রেরণ নিশ্চিত করবেন;
- \*UNICEF পরিচালিত Child Friendly School/Effective School Framework পাইলটিংভুক্ত বিদ্যালয়ে স্লিপ ফান্ড প্রদান করা যাবে না;
- \*মামলা বা অন্য কোনো কারণে এসএমসি বা এডহক কমিটিবিহীন বিদ্যালয়ে অর্থ ছাড় করা যাবে না;
- প্রধান শিক্ষকগণ ব্যাংক হতে অর্থ উত্তোলনপূর্বক অনুমোদিত স্লিপ প্ল্যান অনুসারে স্লিপের অর্থ ব্যয় করবেন এবং বিদ্যালয়ের স্লিপ ফান্ড পরিচালনার জন্য ক্যাশ বই এর ব্যবহার নিশ্চিত করবেন;
- প্রধান শিক্ষকগণ ভ্যাটের চার্ট অনুসরণ করে প্রয়োজ্য ক্ষেত্রের ভ্যাট কর্তনপূর্বক সোনালী ব্যাংক/বাংলাদেশ ব্যাংকে ভ্যাটের অর্থ চালানোর মাধ্যমে জমা দিয়ে চালানোর কপিসহ স্লিপের ভাউচার আবশ্যিকভাবে ৩১ মে ২০১৫ তারিখের মধ্যে উপজেলা/থানা শিক্ষা অফিসে দাখিল করবেন;
- স্লিপ গ্র্যান্টের ১ম কিস্তির অর্থ যথাযথভাবে বিদ্যালয়ের হিসাবে স্থানান্তরের তথ্য প্রাপ্তি সাপেক্ষে ২য় কিস্তির গ্র্যান্ট ১৫ হাজার টাকা ছাড় করা হবে।

উল্লিখিত বিষয়/নির্দেশনা বাস্তবায়নে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ ব্যক্তিগতভাবে তদারকি করবেন। স্লিপের অর্থব্যয়ে কোনো অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা দায়ী হবেন।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

মনিন্দ্র নাথ রায়  
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)  
ফোন: ৮০৩৫৯৩২

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা।
- ২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৩। অফিস কপি